

মাতাকোত্তর অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সান্মানিক বাংলা (Evening)

কোর্স : পি জি - ৩.৫২ বি (ঐচ্ছিক)

বিষয় : ইসলাম ধর্ম নির্ভর সংস্কৃতি ও বাংলা সাহিত্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১। মধ্যযুগে বাংলার মুসলমান সমাজের গড়নের ভিত্তি বৈচিত্র্যপূর্ণ ইসলাম ধর্ম-সংস্কৃতির বিকাশ ঘটেছিল। এই মন্তব্যটিকে তুমি কীভাবে পড়তে চাও জানাও। ১০

(অথবা)

২। 'লোকায়ত ইসলাম' কথাটি মধ্যযুগের সাংস্কৃতিক অভিজ্ঞতায় কেন ও কীভাবে গুরুত্বপূর্ণ ছিল বলে তুমি মনে কর? প্রাসঙ্গিক দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

৩। বাংলায় পির-সাহিত্যের জনপ্রিয়তার সম্ভাব্য কারণগুলি উল্লেখ করো। বাংলায় পির সাহিত্যের যে বহুমুখী ধারা তৈরি হয়েছিল বৈশিষ্ট্যসহ তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১০

BNG-1371

[Turn Over]

(২)

(অথবা)

৪। মধ্যযুগে বাংলায় হিন্দু-মুসলমান সম্পর্ক বিবেচনার ক্ষেত্রে সাহিত্যের দৃষ্টান্তের পাশাপাশি প্রত্নতাত্ত্বিক সহ অন্যান্য সাংস্কৃতিক উপাদানকেও গুরুত্ব দিয়ে পর্যবেক্ষণ করা জরুরি। এই মন্তব্যটিকে সামনে রেখে মধ্যযুগের সামাজিক ও রাজনৈতিক পরিসরে হিন্দু-মুসলমান সম্পর্কের দু-একটি প্রসঙ্গ উল্লেখ করো। ১০

৫। মধ্যযুগে বাংলা সিরাত সাহিত্যে আল্লাহ্ যখন প্রভু আর মহম্মদ নবি অবতার হিসেবে বর্ণিত হচ্ছেন, সেই পুরাণ-কোরআন ভাষাবন্ধকে কি সমন্বয়বাদী ইসলামের অভিব্যক্তি বলা চলে? ১০

(অথবা)

৬। মধ্যযুগে মুসলমান ধর্মীয়তা ও সংস্কৃতির বিশিষ্টতাগুলি কী? ষোড়শ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত মুসলমান গোষ্ঠী গঠনের নানা পর্যায়ে ইসলামি ব্যবহারশাস্ত্র ও জঙ্গনামার ভাষা ব্যবহারকে কেন্দ্রে রেখে আলোচনা করো। ১০

৭। যোগকলন্দের কাব্যে উল্লিখিত 'মোকাম' তত্ত্বের সাপেক্ষে মধ্যযুগে সুফি ধর্মের সঙ্গে যোগসাধনার যোগাযোগ কীভাবে ঘটেছিল তা বুঝিয়ে দাও। ১০

(অথবা)

৮। দৌলত উজির বাহরাম খানের লায়লী-মজনু কাব্যের আখ্যানটি আরব-নির্ভর হওয়া সত্ত্বেও বাংলার সমাজ, সংস্কৃতি ও পৌরাণিক অনুষ্ঙ্গ কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে উদাহরণসহ আলোচনা করো। ১০

★ ★ ★

BNG-1371

XX24(113)—65